# জাতীয় পরিচয়পত্র (NID) সম্পর্কিত নির্দেশনা

আবেদনের পূর্বে সকল নির্দেশিকা ও দিকনির্দেশনা মনোযোগ সহকারে পড়ুন।

আবেদনকারীর যোগ্যতাঃ

- শুধুমাত্র নতুন আবেদনকারী (যাদের NID নেই এবং বাংলাদেশে কখনও আবেদন করেননি)
- আবেদনকারীর বয়স ১৬ বছরের ঊর্ধ্বে হতে হবে এবং তিনি বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী হতে হবে।
- আবেদনকারীর একটি বৈধ বাংলাদেশি পাসপোর্ট/মেয়াদোত্তীর্ণ পাসপোর্ট/ঘোষণাপত্র থাকতে হবে, যা তিনি একজন বাংলাদেশি নাগরিক তা প্রমাণ করে/মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত তিনজন বাংলাদেশি NID ধারীর দ্বারা সত্যায়িত।
- আবেদনকারীর ১৭-সংখ্যার বাংলাদেশি জন্ম সনদ থাকতে হবে (পাসপোর্ট এবং জন্ম সনদের সকল তথ্য মিল থাকতে হবে)।

## স্বশরীরে উপস্থিতি বাধ্যতামূলক

বায়োমেট্রিক নথিভুক্তির জন্য স্বশরীরে উপস্থিত থাকা বাধ্যতামূলক। তাই আবেদনকারীদের অবশ্যই NID ওয়েবসাইট থেকে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে।

**NID আবেদনের ধাপসমূহ:**

**ধাপ ১:** অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের লিঙ্কঃ https://services.nidw.gov.bd

*(আবেদনের সময় একটি বৈধ বাংলাদেশি মোবাইল নম্বর প্রদান করতে হবে, যাতে উপজেলা নির্বাচন অফিসার পরিচয় যাচাইয়ের জন্য যোগাযোগ করতে পারেন।)*

**ধাপ ২:** অ্যাপয়েন্টমেন্ট বুকিং – অনলাইন আবেদনের সময় একই লিঙ্কে গিয়ে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে।

**ধাপ ৩:** বায়োমেট্রিক নথিভুক্তি – নির্ধারিত তারিখ ও সময়ে দূতাবাসে উপস্থিত হয়ে আঙুলের ছাপ, চোখের আইরিশ স্ক্যান, ছবি এবং স্বাক্ষর দিতে হবে।

**ধাপ ৪:** প্রস্তুত ও সংগ্রহ – বায়োমেট্রিক সম্পন্ন হলে একটি এনরোলমেন্ট স্লিপ দেওয়া হবে, যা স্মার্ট NID কার্ড সংগ্রহের সময় প্রয়োজন হবে।

** উল্লেখ্য, বাংলাদেশে সংশ্লিষ্ট উপজেলা/ থানা নির্বাচন অফিসার তদন্ত করে সুপারিশ/ অনুমোদন করলে বাংলাদেশ নির্বাচন কমিশন আপনার ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র ইস্যু করবে। আপনি আপনার প্রদত্ত ই-মেইলে আপডেট পাবেন এবং NID কপি ডাউনলোড করতে পারবেন। বাংলাদেশ নির্বাচন কমিশন পরবর্তীতে আপনার নামে ইস্যুকৃত স্মার্ট NID প্রিন্ট করে পাঠালে আপনি দূতাবাস হতে স্মার্ট NID সরাসরি গ্রহন করতে পারবেন।

**প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ:**

- অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি [ফরম-২ (KA)]
- ১৭-সংখ্যার বাংলাদেশি জন্ম সনদ (মূল ও ফটোকপি)
- বৈধ বাংলাদেশি পাসপোর্ট / মেয়াদোত্তীর্ণ MRP বা ই-পাসপোর্ট / তিনজন বাংলাদেশি NID ধারীর দ্বারা সত্যায়িত নাগরিকত্ব ঘোষণাপত্র
- আবেদনকারীর পিতা-মাতার NID / অনলাইন জন্ম সনদ / মৃত্যু সনদ (প্রযোজ্য হলে) / পাসপোর্ট কপি / উত্তরাধিকার সনদ / নাগরিকত্ব সনদ (যদি প্রযোজ্য হয়)
- একটি সাম্প্রতিক পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি
- যদি আবেদনকারী চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি বা বান্দরবান জেলার হন, তাহলে বিশেষ তথ্য ফরম পূরণ করতে হবে – **আবেদনকারীর বিশেষ তথ্য ফরম** (ফরম-২ এর অতিরিক্ত)

**নির্বাচনী অফিস কর্তৃক প্রয়োজনবোধে অতিরিক্ত নথিপত্র চাওয়া হতে পারে:**

- শিক্ষাগত যোগ্যতার সনদ (এসএসসি/সমমান, জেএসসি, পিএসসি)
- দ্বৈত নাগরিকত্ব সনদ
- বাংলাদেশি ড্রাইভিং লাইসেন্স
- ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (প্রযোজ্য হলে)
- বিবাহ বা তালাকের কাগজপত্র ও স্বামীর/স্ত্রীর NID
- নাগরিকত্ব সনদ (বাংলাদেশি কাউন্সিলর/চেয়ারম্যান/মেয়র/সিইও কর্তৃক)
- বাংলাদেশি ইউটিলিটি বিলের কপি

**অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য:**

- শুধুমাত্র নতুন আবেদনকারীরা আবেদন করতে পারবেন। পূর্ববর্তী NID সংশোধন এখানে সম্ভব নয়।
- আবেদনপত্র পূরণে বাংলা ও ইংরেজি উভয় ফন্ট প্রয়োজন।
- দূতাবাসে জমা দেওয়ার পর বাংলাদেশে উপজেলা নির্বাচন অফিস তথ্য যাচাই করবে।
- মিথ্যা তথ্য প্রদান শাস্তিযোগ্য অপরাধ এবং আবেদন বাতিল হতে পারে।

**প্রক্রিয়াকরণের সময়:**

আবেদনের প্রক্রিয়া উপজেলা নির্বাচন অফিসের যাচাইয়ের উপর নির্ভর করে সময়সাপেক্ষ হতে পারে।

**নোট:**

ভবিষ্যতের জন্য আপনার ইউজারনেম ও পাসওয়ার্ড সংরক্ষণ করুন। এগুলোর মাধ্যমে আপনি অনলাইন পোর্টালে লগইন করে আপনার NID ডাউনলোড করতে পারবেন।